ইন্ডিপেন্ডেন্ট টেলিভিশনের প্রধান সম্পাদকের স্বার্থসংশ্লিষ্ট ৭ ব্যাংক হিসাব অবরুদ্ধ



ইন্ডিপেন্ডেন্ট টেলিভিশনের প্রধান সম্পাদক শামসুর রহমান। ছবি: সংগৃহীত

ইন্ডিপেন্ডেন্ট টেলিভিশন লিমিটেডের প্রধান নির্বাহী ও সম্পাদক এম শামসুর রহমান এবং তাঁর স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তিদের নামে থাকা সাতটি ব্যাংক হিসাব অবরুদ্ধ করার নির্দেশ দিয়েছেন আদালত।

সোমবার (২ নভেম্বর) ঢাকার সিনিয়র স্পেশাল জজ মো. শাহজাহান কবির এ আদেশ দেন। এর আগে এসব ব্যাংক হিসাব অবরুদ্ধ করার আবেদন জানায় দুর্নীতি দমন কমিশন (দুদক)।

দুদকের আবেদনে বলা হয়, সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বেসরকারি শিল্প ও বিনিয়োগবিষয়ক উপদেষ্টা এবং বেক্সিমকো গ্রুপের চেয়ারম্যান সালমান এফ রহমানসহ অন্যদের বিরুদ্ধে প্লেসমেন্ট শেয়ার কারসাজি ও প্রতারণার মাধ্যমে শেয়ারহোল্ডারদের হাজার হাজার কোটি টাকা আত্মসাতের অভিযোগ রয়েছে। এ ছাড়া অবৈধ প্রভাব খাটিয়ে সরকারি ও বেসরকারি বিভিন্ন ব্যাংক থেকে প্রায় ৩৬ হাজার কোটি টাকা ঋণ নিয়ে আত্মসাৎ এবং বিপুল পরিমাণ অর্থ বিদেশে পাচারের অভিযোগও রয়েছে তাঁদের বিরুদ্ধে।

দুদকের আবেদনে আরও উল্লেখ করা হয়, এসব অভিযোগের অনুসন্ধানের ধারাবাহিকতায় ইন্ডিপেন্ডেন্ট টেলিভিশন লিমিটেডের প্রধান নির্বাহী ও সম্পাদক এম শামসুর রহমানের বিরুদ্ধে জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জন এবং বিদেশে অর্থ পাচারের অভিযোগ যুক্ত হয়েছে। অনুসন্ধানকালে তাঁর নামে থাকা অভিযোগসংশ্লিষ্ট ব্যাংক হিসাবগুলোর তথ্য পাওয়া গেছে।

আবেদনে বলা হয়, বিশ্বস্ত সূত্রে জানা গেছে, শামসুর রহমান ও তাঁর স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তিরা এসব হিসাবের অর্থ হস্তান্তর, স্থানান্তর ও রূপান্তরের চেষ্টা করছেন। অর্থ সরিয়ে ফেলতে পারলে অনুসন্ধানের পর মামলা দায়ের, আদালতে অভিযোগপত্র দাখিল এবং বিচার শেষে অপরাধলব্ধ আয় দিয়ে অর্জিত সম্পদ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করার প্রক্রিয়া ব্যাহত হতে পারে। এ অবস্থায় সুষ্ঠু অনুসন্ধান ও ন্যায়বিচার নিশ্চিত করতে ব্যাংক হিসাবগুলো অবরুদ্ধ করা প্রয়োজন বলে আবেদনে উল্লেখ করে দুদক। শুনানি শেষে আদালত সাতটি ব্যাংক হিসাব অবরুদ্ধ করার আদেশ দেন।